চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-৭ আগষ্ট ২০১৭ খ্রি.

নগরীর বিমান বন্দর সড়ক ও ইপিজেড এলাকা যানজট মুক্ত করার লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন নির্বাচিত হওয়ার পর থেকে যানজট নিরসনে কার্যকর উদ্যোগ গ্রহণ করার লক্ষ্যে নগরীর বিভিন্ন শ্রেণি ও পেশার সিভিল সোসাইটি এবং পুলিশ প্রশাসন সহ যানজট বিশেষজ্ঞ বিশিষ্ট নাগরিকদের সাথে দফায় দফায় বৈঠক করে এয়ারপোর্ট রোড ও ইপিজেড এলাকাকে যানজট মুক্ত করার প্রয়াস চালিয়ে আসছে। তারই ধারাবাহিকতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অর্থায়ন এবং পরিকল্পনায় সম্প্রতি ইপিজেড এলাকায় ইউ-লুপ সৃষ্টি করা হয়েছে। এ বিষয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের নির্দেশে নগর পরিকল্পনা বিভাগ এই ইউ-লুপ এর ডিজাইন তৈরি করে। ডিজাইনে ইপিজেড মোড়ের রাউন্ড এবাউট বরাবর মিডিয়ান ট্রীপ এর উপরে গ্রীল ফেনসিং স্থাপনের মাধ্যমে সড়কের উপরে যান-চলাচল নিয়ন্ত্রণ করা হয়েছে। ফুটওভার ব্রিজের দুই প্রান্তে মিডিয়ান ট্রীপ খুলে দিয়ে ইউ-লুপ তৈরি করা হয়েছে। পথচারীদের ফুটওভার ব্রিজ ব্যবহারে উৎসাহিত করার মাধ্যমে মোড়ে যানজট নিরসন করার পদক্ষেপ নেয়া হয়েছে। গত ২৩ জুলাই অনুষ্ঠিত চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২৪তম সাধারণ সভায় অতিরিক্ত পুলিশ কমিশনার দেবদাসকে সিটি কর্পোরেশন প্রণীত প্রকল্পের তথ্য অবহিত করা হয়। তারই আলোকে এবং মেয়রের পরামর্শক্রমে ইপিজেড মোড়ের বিদ্যমান যানজট নিরসনে পদক্ষেপ গ্রহণ করে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ। ফলে এয়ারপোর্ট রোড ও ইপিজেড এলাকার দুর্বিসহ যানজটের কবল থেকে মুক্তি মিলছে নগরবাসীর।

চট্টগ্রাম-৭ আগষ্ট ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়রের সাথে বর্ডার গার্ড বাংলাদেশ দক্ষিণ পূর্ব রিজিয়ন কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেল আল মাসুদ পিএসসি এর সৌজন্য সাক্ষাত

সম্প্রতি বাংলাদেশ বর্ডার গার্ড দক্ষিণ পূর্ব রিজিয়ন কমান্ডার পদে যোগদানকারী ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ আল মাসুম পিএসসি ৭ আগষ্ট ২০১৭ খ্রি. সকালে নগরভবনে মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতে তিনি তার দায়িত্ব পালনকালিন সময়ে মেয়রের সার্বিক সহযোগিতা কামনা করেন। সাক্ষাত বৈঠকে রিজিয়ন কমান্ডার হালিশহরে অবস্থিত রিজিয়ন সদর দপ্তরের নানামুখী সমস্যা সমূহ মেয়র বরাবরে উপস্থাপন করেন। তিনি বলেন, বিজিবি, রিজিয়ন সদর দপ্তর চট্টগ্রামের অভ্যন্তরে প্রায় ২৭ হাজার ৫শত ৭১ বর্গফুট রাস্তা রয়েছে। সম্প্রতির ভারী বর্ষন এবং অতি জোয়ারের কারণে রাস্তাগুলো ক্ষতিগ্রস্ত হয়। তিনি ক্ষতিগ্রস্ত রাস্তা সংস্কার এবং উঁচুকরণ, রিজিয়ন সদর দপ্তরের পূর্ব পাশে মহেষখালের পশ্চিম পাশে ২ হাজার ১শত ফুট এলাকায় রিটেইনিং ওয়াল নির্মাণ, সদর দপ্তরের দক্ষিণ পাশে বিদ্যমান বাউন্ডারী ওয়ালের ভিতরে ১ হাজার ২শত ৫০ ফুট দৈর্ঘ্য এবং ৬ ফুট প্রস্থ ও ৫ফুট উচ্চতা বিশিষ্ট পূর্ব পশ্চিম বরাবরে ড্রেইন এবং ড্রেইনের উপর ওয়াকওয়ে নির্মাণ, রিজিয়ন সদর এবং সহাবস্থিত ৮ বর্ডার গার্ড ব্যাটালিয়নের আর্টিলারি রোড সংলগ্ন ম্যাগজিন বিল্ডিং হতে কোয়ার্টার গার্ড গেইট পর্যন্ত কাঁটাতারের বেড়াসহ ৪শত ফুট সীমানা প্রাচীর নির্মাণ, রিজিয়ন সদর দপ্তর চট্টগ্রামের অভ্যন্তরে প্রশিক্ষন মাঠে মাটি ভরাট করে ১ লক্ষ ২০ হাজার ৫শত বর্গফুট উচুঁকরণ এবং রিজিয়ন সদর দপ্তর আলোকিত করার জন্য ৪০টি সোডিয়াম বাল্ব সংযোজনের প্রস্তাব উপস্থাপন করেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বিজিবি, রিজিয়ন সদর দপ্তর চট্টগ্রামের কমান্ডের প্রস্তাবগুলো দ্রুত বাস্তবায়নের জন্য প্রকৌশল বিভাগকে নির্দেশনা প্রদান করেন। এ প্রসঙ্গে মেয়র জলাবদ্ধতা নিরসনে গৃহিত কর্মপরিকল্পনা তুলে ধরে বলেন, জলবায়ুর প্রভাব, অতিজোয়ার, ভারী বৃষ্টি এবং খাল-নালা দখলের কারণে বর্ষা মৌসুমে জলজট ও জলাবদ্ধতা দেখা দেয়। চট্টগ্রাম নগরীর জলাবদ্ধতা স্থায়ীভাবে নিরসনের লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিকল্পনা প্রণয়ন করেছে। অনুমোদন ও অর্থপ্রাপ্তী সাপেক্ষে প্রকল্প বাস্তবায়িত

হলে নগরবাসী দুর্ভোগ থেকে মুক্তি পাবে। সৌজন্য বৈঠকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, বিজিবি সিইও লে. কর্ণেল মঞ্জুরুল ইসলাম পিএসসি, স্টাফ অফিসার লে. কর্ণেল মহসিনুল হক কবির পিএসসি, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. রফিকুল ইসলাম, কামরুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী অসীম বড়ুয়া, বিপ্লব দাশ, সুদীপ বসাক, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিমসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম-৭ আগষ্ট ২০১৭ খ্রি.

মাতৃসদন ও হাসপাতাল প্রধানদের সমন্বয় সভায় মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত মেমন মাতৃসদন হাসপাতাল, জেনারেল হাসপাতাল, আলহাজ্ব মোস্তফা-হাকিম মাতৃসদন হাসপাতাল, ছাফা মোতালেব সিটি কর্পোরেশন নগর মাতৃসদন হাসপাতালসহ মাতৃসদন ও হাসপাতাল সমূহের প্রধানদের এক সমন্বয় সভা ৭ আগষ্ট ২০১৭ খ্রি. দুপুরে নগরভবনে মেয়র দপ্তরে অনুষ্ঠিত হয়। সমন্বয় সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন, চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী, সিনিয়র কনসালটেন্ট ডা. প্রীতি বড়ুয়া, মেমন মাতৃসদন হাসপাতালের ইনচার্জ আশিষ কুমার মূখার্জি, সাফা মোতালেব সিটি কর্পোরেশন নগর স্বাস্থ্য কেন্দ্র ও মাতৃসদন হাসপাতালের ক্লিনিক ম্যানেজার মো. তৌহিদুল আনোয়ার খান, স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা মো. আবদুর রহিম সহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সমন্বয় সভায় সংশ্লিষ্ট মাতৃসদন হাসপাতালের এমও ইনচার্জগণ স্ব স্ব হাসপাতালের বিভিন্ন সমস্যা ও তথ্যাবলী মেয়রের নিকট উপস্থাপন করেন। মেয়র আ জ ম নাছির উদ্দীন নগরবাসীর দোরগোড়ায় সিটি কর্পোরেশনের স্বাস্থ্য সেবা পৌঁছে দেয়ার জন্য ডাক্তার ও সংশ্লিষ্টদের আন্তরিকতা ও নিষ্ঠার সাথে স্ব স্ব দায়িত্ব পালন করার পরামর্শ দেন। তিনি বলেন, নতুন ডাক্তার নিয়োগ সহ মাতৃসদন ও হাসপাতালের যাবতীয় চাহিদা একে একে পুরন করা হবে। আপাতত ১৯৮৮ সনের অর্গানোগ্রাম অনুসরন করে চাহিদা অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে। তিনি ৪ টি মাতৃ সদন হাসপাতালের জন্য ৪ এ্যাম্বুলেন্স, ৪টি মাইক্রোবাস সরবরাহ করার সিদ্ধান্ত জানান। এছাড়াও মাতৃসদন ভবনগুলোর সংস্কার সহ অন্যান্য বিষয়গুলো দেখার জন্য প্রধান প্রকৌশলীকে নির্দেশ দেন। মেয়র প্রতি ১ মাস অন্তর ডাক্তারদের নিয়ে সমন্বয় সভা অনুষ্ঠানের মাধ্যমে সেবার মান বৃদ্ধি করার উদ্যোগ গ্রহণ করার জন্য প্রতিষ্ঠান প্রধানদের নির্দেশ দেন। তিনি বলেন, প্রতিষ্ঠান প্রধানদের ইনসেনটিভ দেয়া হবে। সিনিয়র ডাক্তারদের অতিরিক্ত ভাতার ব্যবস্থা করা হবে। বিনিময়ে প্রত্যেককে যথা নিয়মে স্ব স্ব দায়িত্ব যথাযথভাবে সম্পাদনের মধ্য দিয়ে সিটি কর্পোরেশনের স্বাস্থ্য সেবার মান বৃদ্ধি করে সাধারন মানুষের প্রশংসা অর্জন করতে হবে। এর কোন ব্যত্যয় হলে পরিনাম শুভ হবে না বলে সাফ জানিয়ে দেন।

চট্টগ্রাম-৭ আগষ্ট ২০১৭ খ্রি.

প্রায় সাড়ে ৩ কোটি টাকা ব্যয়ে কে সি দে রোড, লালদিঘীর পাড় ও জেল রোড এর নালা নির্মাণ কাজের উদ্বোধন করলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ধারাবাহিক উন্নয়ন কাজের অংশ হিসেবে নগরীর ৩২নং আন্দরকিল্লা ওয়ার্ডস্থ কে সি দে রোড, লালদিঘীর পাড় ও জেল রোড এর নালা নির্মাণ কাজের উদ্বোধন করলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন। এডিপি'র অর্থায়নে প্রায় সাড়ে ৩ কোটি টাকা ব্যয়ে এ সকল নালা নির্মিত হবে। মেসার্স সেলিম এন্ড সন্স উক্ত কাজের ঠিকাদারী প্রতিষ্ঠান। ০৬ আগষ্ট ২০১৭ খ্রি. রোববার, সকালে ফলক উন্মোচন ও মোনাজাত এর মধ্য দিয়ে নালা উন্নয়ন কাজের উদ্বোধন শেষে সুধী সমাবেশে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বলেন, চলতি অর্থ বছরে ৭শত ১৬ কোটি টাকার এডিপি'র বরাদ্দের উন্নয়ন কার্যক্রম চলমান আছে। এ ছাড়াও জলাবদ্ধতা নিরসন, সড়ক ও অবকাঠামো উন্নয়নে ৮০৪ কোটি টাকার একটি প্রকল্প একনেকে উপস্থাপনের অপেক্ষায় আছে। তিনি বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন গৃহীত প্রকল্পের মধ্যে ৬ হাজার ৫শত ২৪ কোটি টাকার পৃথক ৩টি প্রকল্প চূড়ান্ত অনুমোদনের পর্যায়ে আছে। এর মধ্যে সড়ক ও অবকাঠামোগত উন্নয়নে গৃহীত ৯২৪ কোটি টাকার ২টি প্রকল্প রয়েছে। এ সকল প্রকল্প আগামী একনেক সভায় উপস্থাপন হতে পারে। ৫ হাজার ৬শত কোটি টাকার একটি প্রকল্প চীনের সাথে জিটুজি এর মাধ্যমে বাস্তবায়নের জন্য

পিআরডিতে পাঠানো হয়েছে। এছাড়াও এলইডি লাইটিং এর জন্য অপর একটি প্রকল্প তৈরি হচ্ছে। মেয়র বলেন, সাম্প্রতিক বর্ষণে ক্ষতিগ্রস্ত সড়ক মেরামত করণের লক্ষ্যে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নিকট ৫শত কোটি টাকা থোক বরাদ্দ চাওয়া হয়েছে। এ ছাড়াও সরকারের প্রতিশ্রুত উন্নয়ন কর্মকান্ড পরিচালনা অব্যাহত রাখার স্বার্থে অর্থ মন্ত্রণালয়ের নিকট ২ হাজার ৫শত কোটি টাকা বরাদ্দ চেয়ে উপানুষ্ঠানিক পত্র প্রেরণ করা হয়েছে। সিটি মেয়র তাঁর মেয়াদের মধ্যে প্রতিশ্রুত সকল উন্নয়ন কার্যক্রম সমাপ্ত করার আশাবাদ ব্যক্ত করেন। সুধি সমাবেশে সভাপতিত্ব করেন ৩২ নং ওয়ার্ড কাউন্সিলর জহর লাল হাজারী। এসময় কাউন্সিলর শৈবাল দাশ সুমন, রাউজান উপজেলা চেয়ারম্যান এহছানুল হায়দার চৌধুরী বাবুল, চসিক জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, উপ সহকারী প্রকৌশলী মানষ কুসুম চৌধুরী, আন্দরকিল্লা ওয়ার্ড আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক দিদারুল আলম, জসিম উদ্দিন, মহানগর আওয়ামী স্বেচ্ছাসেবকলীগ নেতা জানে আলম, আন্দরকিল্লা ওয়ার্ড আওয়ামীযুবলীগের সহ সভাপতি ইউসুফ হারুন মাসুদ, তপন সরকার, ছাত্রলীগ নেতা রুবেল, সঞ্জয় মহাজন ও মামুন সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম-৭ আগষ্ট ২০১৭ খ্রি.

ন্যাশনাল ফাউন্ডেশন চট্টগ্রাম এর বৃত্তি প্রদান অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, মেধা ও মননে আলোকিত মানুষ দেশ ও জাতিকে উন্নতি ও সমৃদ্ধি এনে দিতে পারে। সে লক্ষ্যে শিক্ষার্থীদের জ্ঞান অর্জন করতে মেয়র আহবান জানান। গত ৫ আগষ্ট ২০১৭ খ্রি. শনিবার বিকেল ৪ টায় চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট হলে ন্যাশনাল ফাউন্ডেশন চট্টগ্রাম এর আয়োজনে অনুষ্ঠিত বৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা ও পুরষ্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র এসব কথা বলেন। সভায় সভাপতিত্ব করেন সংগঠনের চেয়ারম্যান আলহাজ্ব লায়ন মোহাম্মদ শামসুল আলম। বিশেষ অতিথি ছিলেন ৯নং ওয়ার্ড কাউন্সিলর মো. জহুরুল আলম জসিম, চট্টগ্রাম চেম্বার পরিচালক সারওয়ার জাহান জামিল, সন্দ্বিপ এসোসিয়েশন চট্টগ্রাম এর সাধারন সম্পাদক আবু ইউসুফ রিপন, গরীবে নেওয়াজ উচ্চ বিদ্যালয় পরিচালনা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব লায়ন ফয়েজুল ইসলাম, সহ সভাপতি আলহাজ্ব এস এম ইব্রাহীম। এতে বক্তব্য রাখেন, রুমানা নাসরীন, মো. শাহজাহান, অভিভাবকদের মধ্যে আবু ইউসুফ, আবুল কাসেম, সেলিম উদ্দিন, জয়ন্তীশীল শিলা। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন নুহা তাজরিন, রফিদ হোসেন, মোহছেনা আকতার, ফারহানুল বারী, ইসরাত জাহান স্বার্না, এস এম মিনহাজুল আলম সহ অন্যরা। বৃত্তি প্রদান অনুষ্ঠানে মোট ৪৫৮জন বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীকে সংবর্ধিত করা হয়।

চট্টগ্রাম-৭ আগষ্ট ২০১৭ খ্রি.

আগামীকাল ৮ আগষ্ট ২০১৭ খ্রি. ফইল্যাতলী বাজার ১১ নং ওয়ার্ড কার্যালয় এলাকা থেকে গয়নার ছড়ার অবৈধ দখল উচ্ছেদ অভিযান শুরু হবে

নগরীর জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে আগামীকাল ৮ আগষ্ট ২০১৭ খ্রি. মঙ্গলবার, বেলা ১২ টা থেকে ফইল্যাতলী বাজারস্থ ১১ নং ওয়ার্ড কার্যালয় এলাকা থেকে গয়নার ছড়ার অবৈধ দখল উচ্ছেদ অভিযান পরিচালিত হবে। এ অভিযান পরিচালনা করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভ্রাম্যমান আদালত। উচ্ছেদ অভিযান চলাকালীন সময়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন উপস্থিত থাকবেন।
উক্ত সময়ে সংশ্লিষ্টদের উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

চট্টগ্রাম-৭ আগষ্ট ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পূজা উদযাপন পরিষদ এর প্রস্তুতি সভায় ২২ লক্ষ টাকা অনুদান দেয়ার ঘোষনা সিটি মেয়রের

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে প্রতি বছরের ন্যায় ১৪২৪ বাংলায় শারদীয় দূর্গোৎসব চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত কুসুম কুমারী বালিকা উচ্চ বিদ্যালয় মাঠে আয়োজিত হবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশন এ পূজা উদযাপনের জন্য ২২ লক্ষ টাকা অনুদান দেবে। এ লক্ষ্যে ৭ আগষ্ট ২০১৭ খ্রি.

সোমবার, বিকেলে, নগরভবনের কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে অনুষ্ঠিত এক প্রস্তুতি সভায় মেয়র এ ঘোষনা দেন। সভায় সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কপোরেশন পূজা উদযাপন পরিষদ এর সভাপতি কাউন্সিলর শৈবাল দাশ সুমন। সভায় প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। প্রস্তুতি সভায় বক্তব্য রাখেন পূজা উদযাপন পরিষদ এর সাধারন সম্পাদক প্রিয়তোষ চক্রবর্তী, কাপাসগোলা বালিকা উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষিকা মুক্তিযোদ্ধা দেবী চৌধুরী, সাবেক সাধারন সম্পাদক প্রকৌশলী হারাধন আচার্য্য, নির্বাহী প্রকৌশলী ঝুলন কান্তি দাশ, কুসুম কুমারী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা চম্পা মজুমদার, রতন চৌধুরী, সমির ধর, তুষার দাশ, অরুন দাশ, উৎপল সেন পিংকু, অসিম কুমার দাশ গুপ্ত, প্রবীর চৌধুরী, সুরজিত দাশ, প্রদীপ বিকাশ দে ও অর্থ সম্পাদক রুপন কান্তি দাশ।সভায় পূজা উদযাপন কমিটির সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় বিগত ১৪২৩ সনের পূজা উদযাপন সংক্রান্ত যাবতীয় খরচাদির হিসাব বিবরনী উপস্থাপন এবং অনুমোদন করা হয়। এছাড়াও সভায় ১৪২৪ বাংলা সনের শারদীয় দূর্গোৎসব এর প্রাস্তাবিত বাজেট উপস্থাপন করা হয়। অনুষ্ঠান উপস্থাপনা করেন যুগ্ম সাধারন সম্পাদক বিপ্লব কুমার চৌধুরী। সভার প্রধান অতিথি ও চট্টগ্রাম সিটি কপোরেশন পূজা উদযাপন পরিষদ এর প্রধান পৃষ্ঠপোষক আ জ ম নাছির উদ্দীন চট্টগ্রাম সিটি কপোরেশন এর অনুদান থেকে ১৪২৪ বাংলার শারদীয় দূর্গোৎসব এর যাবতীয় ব্যয় নির্বাহের নির্দেশনা দিয়ে বলেন, চট্টগ্রামে দূর্গোৎসকে কেন্দ্র করে সকল ধর্মের মানুষ উৎসবে মেতে উঠে। এই উৎসব সকলের অংশগ্রহনে সার্বজনিনতায় রুপ নেয়। অনাদিকাল থেকে চট্টগ্রামের মানুষ সংস্কৃতি প্রিয়। চট্টগ্রাম শান্তিপূর্ণ এলাকা এখানে সাম্প্রদায়িকতার কোন স্থান নেই। মেয়র বলেন, অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়তে সকল বাধাকে অতিক্রম করে মুক্তিযুদ্ধের চেতনায় বাঙালি জাতিসত্বাকে বুকে ধারন করে দেশের উন্নয়নে স্ব স্ব অবস্থান থেকে সকলকে অবদান রাখতে হবে। সভায় সর্বসম্মতভাবে বিগত ১৪২৩ বাংলা পূজা উদযাপন পরিষদ এবং কমিটিকে ১৪২৪ বাংলার পূজা উদযাপনের দায়িত্ব প্রদান করা হয়।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা